

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড
ঝিনাইদহ শাখা, শের এ বাংলা রোড, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

“বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এর ঋণগ্রহীতা মেসার্স সর্দার এন্টারপ্রাইজ, প্রোপাইটর- মোঃ সাজেদুজ্জামান, পিতা- মোঃ সানারুদ্দিন সর্দার, গ্রাম- বিষয়খালী বাজার, পোঃ খড়িখালী, থানা ও জেলা- ঝিনাইদহ কর্তৃক গ্রহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তারনামা দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ঋমতা ব্যাংকে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা ঋণ মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১২/২০১৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ২৭,০৩,১০০.৭৩ (কথায়-সাতাশ লক্ষ তিন হাজার একশত টাকা তিহাতর পয়সা) টাকা সহ অন্যান্য আনুশঙ্গিক খরচ এবং আদায় কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহে তফসিল

১. জেলা-ঝিনাইদহ, থানা- সদর, জে.এল নং-১১০, মৌজা-বিষয়খালী, খতিয়ান নং- সি.এস-৫৬৬, এস.এ-৫৮৯, মিউটেশন খতিয়ান নং-৫৮৯/১, সিএস ও এসএ দাগ নং- ১৭৮৮, মোট জমির পরিমাণ- ০৪ শতাংশ ও তদুপরিস্থিত ০৪ তলা ভবন।
২. জেলা-ঝিনাইদহ, থানা- সদর, জে.এল নং-১১০, মৌজা-বিষয়খালী, খতিয়ান নং- সি.এস-১৩৫, এস.এ-১৫০, ১৫১, মিউটেশন খতিয়ান নং-৭৫৮/১, সিএস ও এসএ দাগ নং- ১৭০৮, ১৭১৬, ১৭১৮, ১৭১০, ১৭১১ এবং ১৭১৪ মোট জমির পরিমাণ- ৪৭ শতাংশ ও তদুপরিস্থিত টিনশেড ভবন।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ০৫.০৪.২০১৬ ইং তারিখে অপরাহ্ন ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডার বাঞ্চে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে(যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দরের ১৫% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
 - ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
 - ৪। দরপত্র দাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে আপর্ষাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য নহে।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অন্বেষণের জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ